165

দৈনিক সংবাদ

তারিখ 20 MAR 1998
পৃষ্ঠা 2 কলাম 5

# বুয়েটে ধর্মঘটঃ তৎপর ছিল দু'দলই

(বুয়েট সংবাদদাতা)

গতকাল বৃহস্পতিবার বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে সর্বদলীয় ছাত্র ঐক্যের ধর্মঘট চলাকালে পুরকৌশল বিভাগের একজন শিক্ষক এবং যন্ত্রকৌশল বিভাগের একজন ছাত্র আহত হয়েছে। তবে ধর্মঘটের বিপক্ষে সাধারণ ছাত্রছাত্রীরা অবস্থান নেয়।

ধর্মঘটের সমর্থক ছাত্রছাত্রীরা ক্যাম্পাসে প্রবেশের সকল গেট গতকাল সকালেই বন্ধ করে দেয় এবং সেখানে অবস্থান নেয়। ফলে গতকাল সকালে বুয়েটের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী এবং সাধারণ ছাত্র-ছাত্রীরা ক্যাম্পাসে ঢুকতে পারেনি।

একাডেমিক কাউন্সিল ভবন সংলগ্ন গেট দিয়ে শিক্ষকরা গাড়ি নিয়ে ঢুকতে গেলে ধর্মঘটের পক্ষের ছাত্রছাত্রীরা তাদের বাধা দেয়। এসময় পুরকৌশল বিভাগের শিক্ষক প্রফেসর আজাদুর রহমান হঠাৎ একজন ছাত্রের হাত ধরে তার পরিচয় জানতে চান। কিন্তু ছাত্রটি পরিচয় দিতে অস্বীকৃতি জানালে তিনি বহিরাগত ভেবে ছাত্রটিকে ধরার জন্য পাশে অবস্থানরত গার্ডকে নির্দেশ দেন। গার্ডকে আসতে দেখে যন্ত্রকৌশল বিভাগের ৩য় বর্ষের ছাত্র জিয়া ঢাকা মেডিক্যাল গেটের দিকে দৌড়ে পালাতে যায়। এসময় তাকে ধরতে গিয়ে শিক্ষক আজাদ আহত হন।

গেটে অবস্থানরত অন্যান্য শিক্ষকের চিৎকারে মেডিক্যাল সংলগ্ন টিচার স্টাফ কোয়ার্টারের গার্ডরা জিয়াকে ধরে ফেলে, এসময় সে সামান্য আহত হয়।

স্থাপত্য বিভাগের অচলাবস্থা নিরসনে, শিক্ষকদের বিরুদ্ধে অপপ্রচার এবং ধর্মঘটের প্রতিবাদে ক্লাশ করার দাবিতে গতকাল সকালে সাধারণ ছাত্রছাত্রীরা একটি মিছিল বের করে। সেসময় স্থাপত্য বিভাগের ছাত্রছাত্রী এবং সর্বদলীয় ছাত্রঐক্যের নেতৃবৃন্দের সাথে সাধারণ ছাত্রদের সাথে শহীদ মিনার সংলগ্ন গেট খোলা নিয়ে ধাক্কাধাক্কি হয়। পরে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গেটের পশ্চিমাংশের গ্রিলটি কেটে ফেলে এবং সাধারণ ছাত্রছাত্রীরা ক্যাম্পাসে প্রবেশ করতে সক্ষম হয়।

ক্যাম্পাসে উপস্থিত ছাত্রছাত্রীদের উদ্দেশ্যে তাৎক্ষণিক ভাষণে উপাচার্য প্রফেসর ইকবাল মাহমুদ বলেছেন; স্থাপত্য বিভাগের ছাত্রছাত্রীদের বিরুদ্ধে কোন কিছু করা হবে না। ভর্তি পরীক্ষা এখন একটি গৌণ বিষয় হয়ে দাঁড়িয়েছে; কিন্তু ক্যাম্পাসে কোন মিথ্যা প্রতিষ্ঠিত হতে দেওয়া যাবে না।